অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/26/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো চলমান COVID-19 বৈশ্বিক মহামারীর মধ্যে স্টেটের সরবরাহ ক্ষমতা বৃদ্ধিতে সহায়তার জন্য উল্লেখযোগ্য অনুদানের ঘোষণা দিয়েছেন

মুখ্য কর্পোরেশন, দানশীল সংস্থা ও সেলিব্রিটিদের নিকট থেকে অনুদান প্রাপ্ত

অনুদানের মধ্যে ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম, হ্যান্ড স্যানিটাইজার, ফিল্ড হাসপাতালের সরঞ্জাম এবং আগত চিকিৎসা স্বেচ্ছাসেবীদের জন্য বিনামূল্যে বিমানসেবা অন্তর্ভুক্ত

আরও সংস্থা এবং ব্যক্তিবর্গ এখনও দান করার জন্য স্টেটের নিকটে এগিয়ে আসছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ ঘোষণা করেছেন যে চলমান করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) বিশ্বব্যাপী মহামারীর মাঝে স্টেটের সরবরাহ সক্ষমতা বৃদ্ধিতে সহায়তার জন্য স্টেট বেশ কয়েকটি বড় কর্পোরেশন, জনহিতকর সংস্থা ও তারকাদের কাছ থেকে উল্লেখযোগ্য অনুদান পেয়েছে। এই অনুদানের মধ্যে ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম, হ্যান্ড স্যানিটাইজার, ফিল্ড হাসপাতালের সরঞ্জাম এবং আগত চিকিৎসা স্বেচ্ছাকর্মীদের বিনামূল্যে বিমানসেবা এবং অন্যান্য চিকিৎসা রসদ ও সহায়তা বস্তু অন্তর্ভুক্ত। অধিকন্তু, অন্যান্য সংস্থা এবং ব্যক্তিবর্গ অনুদান দেওয়ার বিষয়ে এগিয়ে আসছেন এবং এই অনুদানগুলো সুরক্ষিত করতে স্টেট তাদের সাথে নিযুক্ত রয়েছে।

"নিউ ইয়র্ক এই ভাইরাসের বিরুদ্ধে যুদ্ধ করছে এবং আমাদের পাওয়ার মত সমস্ত সহায়তা আমাদের প্রয়োজন," **গভর্নর কুওমো বলেন।** "এই প্রতিষ্ঠান, সংস্থা এবং ব্যক্তিদের উদারতা — এবং সাহায্য করতে চেয়ে প্রতিদিন এগিয়ে আসা ব্যক্তিরা — আমাদের হাসপাতালে রোগীর চাপ সামলানোর সক্ষমতা বাড়ানোর জন্য, সম্মুখ কর্মীদের সমর্থন দেয়ার জন্য এবং লোকদের তাদের প্রয়োজনীয় সহায়তা পেতে আমাদের উদ্দিষ্ট কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। নিউ ইয়র্ক পরিবারের পক্ষ থেকে, আমি তাদের মহানুভবতার জন্য গভীরভাবে কৃতজ্ঞ। নিউ ইয়র্ক যে সহৃদয়তা, শক্তি এবং দৃঢ়তার জন্য পরিচিত তার মাধ্যমে আমরা একসাথে এই কঠিন সময়টি পার করব।"

প্রাথমিক অনুদানের একটি বিভাজন নিম্নোক্ত:

- **গোল্ডম্যান স্যাক্স:** 195,000টি মাস্ক

- **বোল অ্যান্ড ব্রাঞ্চ:** 1,000টি হাসপাতালে ব্যবহৃত ম্যাট্রেস
- **রিস্টোর গ্লোবাল:** 150,000টি ঢিলেঢাল আচ্ছাদন
- **ফেইসবুক (Facebook):** 2,500 গ্যালন হ্যান্ড স্যানিটাইজার
- **রিহানা ফাউন্ডেশন:** বিভিন্ন ধরণের ব্যক্তিগত প্রতিরক্ষামূলক সরঞ্জাম সরবরাহ
- **ডমিনিওন এনার্জি:** মাস্ক
- **লরিয়াল (L'Oréal):** হ্যান্ড স্যানিটাইজার
- **সফটব্যাঙ্ক (SoftBank):** 1.4 মিলিয়ন N-95 মাস্ক
- **সাবার্বান প্রোপেন (Suburban Propane):** জেনারেটর ও হিটারের জন্য প্রোপেন পরিসেবা
- **ওয়েফেয়ার (Wayfair):** ফিল্ড হাসপাতালের জন্য ম্যাট্রেস, লিনেন, চাদর ও বালিশ
- **জেট ব্লু (Jet Blue):** অভিমুখী চিকিৎসা স্বেচ্ছাসেবকদের জন্য নিখরচায় বিমানসেবা
- **ওয়ালমার্ট (Walmart):** পার্কিং লট এবং স্টোর ফ্যাসিলিটির অবকাঠামো ব্যবহার
- **নায়াগ্রা বটোলিং (Niagara Bottling):** 560,000 বোতল পানি
- **কুরিগ/ড. পেপার (Keurig/Dr. Pepper):** মাঠ পর্যায়ে নিয়োজিত স্বেচ্ছাসেবকদের জন্য কফি এবং পানীয়
- **ম্যানহাটনের 57th স্ট্রিটের ফোর সিজনস হোটেল (Four Seasons Hotel):** বর্তমানে করোনাভাইরাস প্রাদুর্ভাবের প্রতিক্রিয়া জানাতে কর্মরত নার্স, চিকিৎসক এবং চিকিৎসা কর্মীদের বিনামূল্যে আবাসন হিসাবে তাদের ফ্যাসিলিটি প্রদান করা
- **সেন্ট রেজিস হোটেল (St Regis Hotel):** সঙ্কটপূর্ণ নয় এমন রোগী বা চিকিৎসা কর্মীদের জন্য তাদের ফ্যাসিলিটি প্রদান
- **দ্যা প্যালেস হোটেল (The Palace Hotel):** সঙ্কটপূর্ণ নয় এমন রোগী বা চিকিৎসা কর্মীদের জন্য তাদের ফ্যাসিলিটি প্রদান
- **ইয়োটেল (Yotel):** সঙ্কটপূর্ণ নয় এমন রোগীদের জন্য তাদের ফ্যাসিলিটি এক মাসের জন্য দান করা
- **রুম মেট গ্রেস হোটেল (Room Mate Grace Hotel):** বর্তমানে করোনাভাইরাস প্রাদুর্ভাবের প্রতিক্রিয়া জানাতে কর্মরত নার্স, চিকিৎসক এবং চিকিৎসা কর্মীদের বিনামূল্যে আবাসন হিসাবে তাদের ফ্যাসিলিটি প্রদান করা
- **ওয়াইদ হোটেল (Wythe Hotel):** বর্তমানে করোনাভাইরাস প্রাদুর্ভাবের প্রতিক্রিয়া জানাতে কর্মরত নার্স, চিকিৎসক এবং চিকিৎসা কর্মীদের বিনামূল্যে এপ্রিল মাসব্যাপী তাদের হোটেলের কামরা প্রদান
- **কেলি রিপা অ্যান্ড মার্ক কনসুয়ালোস (Kelly Ripa and Mark Consuelos):** 1 মিলিয়ন মার্কিন ডলার
- **JUDY:** 25,000টি N-95 মাস্ক
- **অ্যামনিল (Amneal):** 20,000 বোতল হাইড্রোক্সিক্লোরোকুইন
- **দ্যা এস্টি লডার কোম্পানিস (The Estée Lauder Companies):** প্রতি সপ্তাহে 10,000 বোতল হ্যান্ড স্যানিটাইজার (প্রতিটি 8 আউন্স) 4-5 সপ্তাহের জন্য
- **লং আইল্যান্ড অ্যাম্বুলেটরি সার্জারি সেন্টার (Long Island Ambulatory Surgery Center):** ভেন্টিলেটর

- **ইউনিক্লো :** 1.05 মিলিয়ন মাস্ক
- **নিউ ইয়র্কের স্বাধীন কলেজ ও বিশ্ববিদ্যালয় কমিশন (The Commission on Independent Colleges and Universities in New York):** 12টি ভেন্টিলেটর ও হাজার হাজার PPE
- **কর্নিং লাইফ সায়েন্সেস (Corning Life Sciences):** 60,000টি 15মিলি সেন্ট্রিফিউজ টিউব এবং 40,000 টি 4মিলি ক্রায়োভায়ালস
- **এনবিসিইউনিভার্সাল (NBCUniversal):** চিকিৎসা রসদ ও PPE
- **হুয়াওয়ে (Huawei):** 10,000টি N-95 মাস্ক; 20,000টি আইসোলেশন গাউন; 50,000টি মেডিকেল চশমা; ও 10,000টি গ্লাভস
- **অফিস অফ অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস:** 1,700টি প্রতিরক্ষামূলক মাস্ক এবং 33,000 জোড়া গ্লাভস

"প্রাথমিক প্রতিক্রিয়াকারীরা আবারও নেতৃত্ব এবং সাহসিকতার পরিচয় দিয়ে অন্যের স্বার্থে নিজের মঙ্গলকে বাজি রেখেছে," **অ্যাটর্নি জেনারেল জেমস বলেন।** "আমরা আমাদের চিকিৎসক এবং নার্সদের নিজেদেরকেই রোগাক্রান্ত হতে দিতে পারি না। এজন্য তাদের রক্ষা করতে এবং তাদের সুরক্ষিত রাখতে আমাদের স্বর্গ ও মর্ত্য এক করে দিতে হবে, যাতে তাঁরা তাদের প্রিয়জনের কাছে নিরাপদে ঘরে ফিরতে পারেন। এই পরীক্ষামূলক সময়ে তাঁর নেতৃত্বের জন্য এবং নিউ ইয়র্কবাসীর সর্বোত্তম স্বার্থ সিদ্ধিতে প্রতিদিন লড়াই করার জন্য গভর্নর কুউমোকে ধন্যবাদ জানাই। ঈশ্বর সর্বদা, তাদের সহায় হোন।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন